



কি পড়বে? কেন পড়বে?

SURVEY TABLE

কতটুকু পড়বে? কিভাবে পড়বে?


CONCEPT NO	MAGNETIC DECISION [যা পড়বে]	MAKING DECISION [যে কারণে পড়বে]								VVI For This Year	
		DU	JU	RU	CU	GST	MAT	DAT	HSC	WRITTEN	MCQ
CONCEPT-01	এক নজরে পৌষ্টিকতন্ত্র ও খাদ্য	10%	10%	10%	10%	10%	20%	10%	40%	★	★
CONCEPT-02	খাদ্য পরিপাক প্রণালি	40%	60%	60%	60%	50%	40%	50%	80%	★★★	★★★
CONCEPT-03	পরিপাকে গ্রহিণীর ভূমিকা	30%	50%	50%	50%	70%	60%	30%	80%	★★	★★★
CONCEPT-04	পরিপাকে শ্লেষ্মতন্ত্র, হরমোনের ভূমিকা ও খাদ্যবস্তুর শোষণ	10%	10%	10%	10%	20%	10%	20%	50%	★	★★
CONCEPT-05	স্থূলতা সম্পর্কিত তথ্য	10%	10%	10%	10%	20%	10%	10%	40%	★	★

DU = Dhaka University, JU = Jahangirnagar University, RU = Rajshahi University, CU = Chittagong University, GST = General University/Science & Technology University, MAT = Medical Admission Test, DAT = Dental Admission Test

◀ CONCEPT ▶ 01 এক নজরে পৌষ্টিকতন্ত্র ও খাদ্য

○ ITEM 01 পরিপাকতন্ত্র

যে রাসায়নিক প্রক্রিয়ার মাধ্যমে জটিল খাদ্যবস্তু বিভিন্ন হরমোনের প্রভাবে ও এনজাইমের সহায়তায় ভেঙ্গে দ্রবণীয় সরল ও তরল এবং দেহকোষের গ্রহণযোগ্য হয়ে উঠে তাকে পরিপাক (Digestion) বলে। যে তন্ত্রের মাধ্যমে খাদ্যবস্তুর পরিপাক ও শোষণ প্রক্রিয়া সম্পন্ন হয় তাকে পৌষ্টিকতন্ত্র বলে।



➤ পৌষ্টিক নালিতে ছয়টি ধাপে খাদ্যের পরিপাক সম্পন্ন হয়:

খাদ্য ও পানি গলাধঃকরণ → পৌষ্টিকনালিতে খাদ্যের সঞ্চালন → যান্ত্রিক পরিপাক → রাসায়নিক পরিপাক → পরিপাককৃত খাদ্য ও পানি পরিশোধন → বর্জ্য নিষ্কাশন
(Ref: আজমল স্যার, আলীম স্যার)

○ ITEM 02 মানুষের সুখম খাদ্য


➤ মানবদেহে ভিটামিনের ভূমিকা:

ভিটামিন	অভাবজনিত রোগ	উৎস
ভিটামিন-A	রাতকানা, জেরপথ্যালমিয়া, দেহের বৃদ্ধি ব্যাহত	ডিম, গরুর দুধ, মাখন, ছানা, দই, ঘি, সকল প্রকার সবুজ শাকসবজি এবং ছোট মাছ।
ভিটামিন-B	বেরিবেরি, পেলেগ্রা, অ্যানিমিয়া, রক্তশূন্যতা	চেকিছাটা চাল, আটা, ডাল, যকৃত, ডিম, দুধ, মাছ, মাংস, শাকসবজি।
ভিটামিন-C	স্কার্ভি, রোগপ্রতিরোধ ক্ষমতা কমে যাওয়া	শাক-সবজি (মুলা শাক, লেটুস, ধনে পাতা, পুদিনা পাতা, কাচা মরিচ, ফুলকপি, করোলা), ফল (আমলকি, লেবু, কমলা লেবু, টমেটো, আনারস, পেয়ারা)।
ভিটামিন-D	রিকেটস (বাচ্চাদের), অস্টিওম্যালাসিয়া (বড়দের)	ডিমের কুসুম, দুধ, মাখন, বাধাকপি, যকৃত, তেল সমৃদ্ধ মাছ, সূর্যালোক।
ভিটামিন-E	জরায়ুর মধ্যে জন্মের মৃত্যু	উদ্ভিজ্জ তেল এছাড়া লেটুস পাতা।
ভিটামিন-K	রক্ত জমাট না বাধা	সবুজ শাক-সবজি (পালং শাক, শাল গম, সরিষার শাক, লেটুস, ফুলকপি, বাধাকপি), মাছ, যকৃত, মাংস, ডিম।

ভিটামিন B ও C ব্যতিত বাকি ভিটামিনগুলো পানিতে অদ্রবণীয়, কিন্তু অ্যালকোহলে দ্রবণীয়।

➤ একজন সুস্থ মানুষের সুখম খাদ্যের তালিকা:

খাদ্য উপাদান	পরিমাণ	প্রধান কাজ
শর্করা	৪১৫-৬০০ গ্রাম	তাপশক্তি উৎপাদন ও দেহে কর্মক্ষমতা বৃদ্ধি।
আমিষ	১০০-১৫০ গ্রাম	দেহের বৃদ্ধি, কোষগঠন, ক্ষয়পূরণ, এনজাইম ও হরমোন উৎপাদন।
স্নেহদ্রব্য	৫০-৫৫ গ্রাম	তাপশক্তি উৎপাদন ও দেহের তাপ নিয়ন্ত্রণ।
ভিটামিন	৫৫০০-৫৬০০ মিলিগ্রাম	পুষ্টি ও বৃদ্ধিতে সহায়তা করা এবং রোগ প্রতিরোধ শক্তি বাড়ানো।
খনিজ লবণ	৮-১০ গ্রাম	স্বাভাবিক পুষ্টি ও বৃদ্ধি সহায়তা।
পানি	২-৩ লিটার	প্রোটোপ্লাজমকে সিক্ত ও সজীব রাখা এবং কোষের বিপাক ক্রিয়া নিয়ন্ত্রণ।



(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম)

SAQ
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ
Broad Ans Question

❖ মানবদেহে বিদ্যমান পৌষ্টিক গ্রন্থিগুলোর নাম লিখ?

উত্তর: মানবদেহে পাঁচ ধরনের পৌষ্টিকগ্রন্থি বিদ্যমান, যথা: লালগ্রন্থি, যকৃত, অগ্ন্যাশয়, গ্যাস্ট্রিক গ্রন্থি ও আন্ত্রিক গ্রন্থি।

❖ মানুষের সুখম খাদ্যের তালিকা কর?

উত্তর: উপরের অংশের আলোচনা থেকে দেখে নাও।

❖ পরিপাক কী?

উত্তর: যে জৈব রাসায়নিক প্রক্রিয়ায় জটিল খাদ্যবস্তু বিভিন্ন হরমোনের প্রভাবে ও এনজাইমের সহায়তায় ভেঙ্গে দ্রবণীয় সরল ও তরল এবং দেহকোষের গ্রহণীয় ক্ষুদ্র অণুতে পরিণত হয় তাকে পরিপাক বলে।

[য. বো. ২০১৯]



REAL TEST

ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



STEP 02 ANALYSIS OF JU QUESTION

01. মানুষের পৌষ্টিক নালির দৈর্ঘ্য কত মিটার? [JU: Unit-D; Set-M; 19-20; CU. 09-10]

A. ৪-১০ B. ৪-৬ C. ৬-৭ D. ১০-১২

Ans A Why মানুষের পৌষ্টিকনালি মুখ থেকে পায়ু পর্যন্ত বিস্তৃত এবং ৮-১০ মিটার লম্বা। পৌষ্টিকনালির শুরু মুখ থেকে। এটি নাসাছিদ্রের নিচে অবস্থিত এক আড়াআড়ি ছিদ্র যা একটি করে উপরের ও নিচের টোটে বেষ্টিত থাকে।

02. মানবদেহের ক্ষুদ্রান্ত্রে কয়টি অংশ থাকে? [JU:D; Set-Q, 19-20]

A. ২ B. ৩ C. ৪ D. ৫

Ans B Why ক্ষুদ্রান্ত্রের অংশ: ডিওডেনাম, জেজুনাম, ইলিয়াম।
বৃহদন্ত্রের অংশ: সিকাম, কোলন, মলাশয়।

STEP 03 ANALYSIS OF RU QUESTION

01. রক্ত জমাটে সাহায্য করে এমন কোন ভিটামিন সবুজ শাকসবজিতে পাওয়া যায়? [RU. 19-20]

A. ভিটামিন-D B. ভিটামিন-E
C. ভিটামিন-K D. ভিটামিন-A **Ans C**

02. মানবদেহের কোন অঙ্গতন্ত্র ভিটামিন D সৃষ্টি করে? [RU.17-18]

A. পেশিতন্ত্র B. পৌষ্টিকতন্ত্র
C. ত্বকতন্ত্র D. অন্তঃক্ষরা গ্রন্থিতন্ত্র **Ans C**

03. কোন খাদ্য আহারের পর পরিবর্তন ছাড়াই সরাসরি দেহে শোষিত হয়? [RU.15-16]

A. শর্করা B. খনিজ লবণ C. আমিষ D. লিপিড **Ans B**

STEP 04 ANALYSIS OF CU QUESTION

01. মানবদেহের ক্ষুদ্রান্ত্রের দৈর্ঘ্য কত মিটার (প্রায়)? [CU.12-13]

A. ৬-৭ B. ১০-১২
C. ১৫-১৫ D. ২০-২৩ E. ২৫ **Ans A**

STEP 05 ANALYSIS OF DU-7 Clg QUESTION

01. ক্ষুদ্রান্ত্রের অংশ নয় কোনটি? [DU-7Clg. 19-20]

A. ডিওডেনাম B. সিকাম C. জেজুনাম D. ইলিয়াম

Ans B Why ক্ষুদ্রান্ত্রের অংশ: ডিওডেনাম, জেজুনাম, ইলিয়াম।
বৃহদন্ত্রের অংশ: সিকাম, কোলন, মলাশয়।

STEP 06 ANALYSIS OF GST QUESTION

PART (A) Analysis of General University Question

KU

01. সুখম খাদ্যে শর্করা, আমিষ ও স্নেহ জাতীয় খাদ্যের অনুপাত- [KU.17-18; IU.02-03]

A. ৪:৪:১ B. ১:১:৪
C. ১:৪:১ D. ৪:১:১ **Ans D**

02. ফিংস্টার পেশী শরীরের কোন অংশে পাওয়া যায়? [KU.13-14]

A. গলায় B. চোখে
C. জননাঙ্গে D. পায়ুপথে **Ans D**

PART (B) Analysis of Science & Technology Question

JUST

01. একজন পূর্ণবয়স্ক সুস্থ কর্মশীল পুরুষের দৈনিক শক্তি প্রয়োজন- [JUST.08-09]

A. 1800 কিলো ক্যালোরি B. 2500- 3000 কিলো ক্যালোরি
C. 3200- 3700 কিলো ক্যালোরি D. 4000 কিলো ক্যালোরি **Ans B**

MBSTU

01. পানিতে দ্রবণীয় ভিটামিন নয় কোনটি? [MBSTU: B,19-20]

A. B₁₂ B. C C. B D. K
Ans D Why স্নেহে দ্রবণীয় ভিটামিনসমূহ (A, D, E, K), পানিতে দ্রবণীয় ভিটামিন (B ও C), নিকোটিনিক এসিড (B₁₂) এবং ফলিক এসিড (B₉) সঞ্চয় করে।

STEP 07 ANALYSIS OF MEDICAL & DENTAL QUESTION**MAT**

01. কোন ভিটামিন পানিতে দ্রবণীয়?

[MAT .15-16; RU.14-15; KU.17-18; BSMRSTU:H,18-19]

- A. ভিটামিন A B. ভিটামিন D
C. ভিটামিন B কমপ্লেক্স D. ভিটামিন K

Ans C Why পানিতে দ্রবণীয় ভিটামিন (B ও C), পানিতে অদ্রবণীয় ভিটামিনসমূহ (A, D, E, K)।

02. মানুষের মস্তিষ্কের বিকাশের জন্য নিম্নের কোনটি প্রয়োজন?

[MAT. 12-13]

- A. গ্লুকোজ B. ম্যাগ্নেসিয়াম C. গ্যালাক্টোজ D. ল্যাক্টোজ **Ans C**

03. নিচের কোনটি ভিটামিন সি এর অভাবজনিত রোগ?

[MAT.90-91]

- A. রাতকানা B. স্কার্ভি
C. মুখে ঘা D. রক্তে জমাট না বাঁধা **Ans B**

STEP 08 ANALYSIS OF HSC BOARD QUESTION**Combined Board**

01. কোন খাদ্যগুলো আমিষ প্রধান?

[বোর্ড: ২০১৪]

- A. ভাত, রুটি ও বার্লি B. ডাল, ডিম ও মাছ
C. মাখন, ঘি ও তেল D. ফল, সবজি ও সবুজ শাক **Ans B**

CONCEPT 02 খাদ্য পরিপাক প্রশ্নালি**ITEM 01 মুখগহ্বরে খাদ্য পরিপাক**

➤ যান্ত্রিক পরিপাক

দাঁত:

- পূর্ণ বয়স্ক মানুষের দাঁতের সংকেত: $\frac{I_2C_1P_2M_3}{I_2C_1P_2M_3} = \frac{8 \times 2}{8 \times 2} = 16 + 16 = 32$
- দুধ দাঁতের (শিশুদের দাঁত) সংকেত: $\frac{I_2C_1M_2}{I_2C_1M_2} = \frac{5 \times 2}{5 \times 2} = 10 + 10 = 20$
- ৩য় পেষণ মোলার দাঁতকে আক্কেল দাঁত বলা হয়।
- দাঁতের প্রকৃতি ৩টি।

(i) ডায়ফায়োডন্ট → ২বার দাঁত উঠে। শিশুকালে ২০ টি দুধ দাঁত উঠে যা ৮-১০ বছর বয়সে স্থায়ী দাঁত দ্বারা প্রতিস্থাপিত হয়।

(ii) থেকোডন্ট → মানুষের দাঁত চোয়ালের মধ্যে ঢুকানো থাকে।

(iii) হেটারোডন্ট → ৪ ধরনের স্থায়ী দাঁত।

জিহ্বা: জিহ্বার অগ্রভাগ → মিষ্ট; অগ্রভাগের দুইপাশ → নোনা; পশ্চাৎ ভাগের দুইপাশ → টক; পশ্চাৎ ভাগ → তিক্ত

➤ রাসায়নিক পরিপাক

(i) শর্করা পরিপাক: লালগ্রন্থি থেকে নিঃসৃত লালারসে টায়ালিন ও মল্টেজ (অল্প) নামে শর্করাবিপ্লেশী এনজাইম পাওয়া যায়। লালামিশ্রিত, চর্বিত ও আংশিক পরিপাককৃত শর্করা গলবিল ও অল্পনালির মাধ্যমে পাকস্থলিতে পৌঁছায়।

- জটিল শর্করা $\xrightarrow{\text{টায়ালিন}}$ মল্টোজ।
- মল্টোজ $\xrightarrow{\text{মল্টেজ}}$ গ্লুকোজ

(ii) আমিষ পরিপাক: মুখগহ্বরের লালগ্রন্থি থেকে নিঃসৃত লালারসে কোন প্রোটিনোলাইটিক (আমিষ বিশ্লেষী) এনজাইম না থাকায় এখানে আমিষ জাতীয় খাদ্যের কোন রাসায়নিক পরিবর্তন ঘটে না।

(iii) স্নেহ পরিপাক: মুখগহ্বরে স্নেহজাতীয় খাদ্য পরিপাকের জন্য কোন এনজাইম না থাকায় এ ধরনের খাদ্যের কোন পরিপাক ঘটে না।

(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম)

ITEM 02 পাকস্থলিতে খাদ্য পরিপাক

একজন প্রাপ্ত বয়স্ক মানুষের পাকস্থলীতে খাদ্য ধারণ ক্ষমতা ১,৫০০ মিলিলিটার।

পাকস্থলী দেখতে অনেকটা বাংলা পাঁচের মতো।

➤ পাকস্থলীর প্রাচীর পাঁচটি স্তরে বিভক্ত: বাইরে থেকে ভিতরে-



- সেরোসা • পেশিস্তর (অনুদৈর্ঘ্য পেশি, বৃত্তাকার পেশি, তির্যক পেশি)
- সাবমিউকোসা • মাসকিউলারিস মিউকোসা • মিউকোসা: রুগী ও গ্যাস্ট্রিক গ্রন্থি (কার্ডিয়াক গ্রন্থি, ফাভাস গ্রন্থি, পাইলোরিক গ্রন্থি, ব্রনসার্স গ্রন্থি) পাওয়া যায়।

➤ পাকস্থলীর চারটি প্রধান অংশ:

- (১) কার্ডিয়াক অঞ্চল: অল্পনালীতে উন্মুক্ত। (২) ফাভাস: গম্বুজাকৃতি (৩) দেহ: ছোট ও বড় বাক নিয়ে গঠিত (৪) পাইলোরিক অঞ্চল: ডিওডেনামে উন্মুক্ত।

➤ যান্ত্রিক পরিপাক:

মুখ থেকে চর্বিত খাদ্য অল্পনালিপথে পাকস্থলিতে এসে ২ থেকে ৬ ঘণ্টা অবস্থান করে। পাকস্থলীর পেশিস্তর নানা দিকে সঞ্চালিত হয়ে মুখগহ্বরে থেকে আসা অর্ধচূর্ণ খাদ্যকে পেস্টে পরিণত করে। এসময় গ্যাস্ট্রিক জুস ক্ষরিত হয়ে পাকস্থলীর যান্ত্রিক চাপে পেস্টের সাথে মিশে ঘন সুপের মতো তৈরি করে যা কাইম বা মণ্ড নামে পরিচিত।



চিত্র: পাকস্থলীর গঠন

➤ রাসায়নিক পরিপাক:

- শর্করা পরিপাক : পাকস্থলি থেকে শর্করাবিভেদী কোন এনজাইম নিঃসৃত হয় না। ফলে শর্করা জাতীয় খাদ্যের কোন পরিবর্তন ঘটে না।
- আমিষ পরিপাক : গ্যাস্ট্রিক জুসে পেপসিনোজেন ও প্রোরেনিন নামক নিষ্ক্রিয় প্রোটিনোলাইটিক (আমিষ বিভেদী) এনজাইম থাকে। এ দুটি নিষ্ক্রিয় এনজাইম গ্যাস্ট্রিক জুসের HCl-এর সাথে বিক্রিয়া করে যথাক্রমে পেপসিন ও রেনিন নামক সক্রিয় এনজাইমে পরিণত হয়।
 - আমিষ + পানি $\xrightarrow{\text{পেপসিন}}$ প্রোটিনোজ + পেপটোন।
 - কেসিন (দুগ্ধ আমিষ) + পানি $\xrightarrow{\text{রেনিন}}$ প্যারাকেসিন।
 - প্যারাকেসিন $\xrightarrow{\text{পেপসিন}}$ পেপটোন।
- স্নেহ পরিপাক- পাকস্থলির প্রাচীর থেকে গ্যাস্ট্রিক লাইপেজ নামক এনজাইম নিঃসৃত হয়। এটি প্রশমিত স্নেহদ্রব্যকে ফ্যাটি এসিড ও গ্লিসারল-এ পরিণত করে।
 - স্নেহদ্রব্য $\xrightarrow{\text{গ্যাস্ট্রিক লাইপেজ}}$ ফ্যাটি এসিড + গ্লিসারল।

(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম)

O
ITEM 03 ক্ষুদ্রান্ত্রে খাদ্যের পরিপাক

➤ রাসায়নিক পরিপাক

(i) শর্করা পরিপাক:

- অগ্ন্যাশয় থেকে নিঃসৃত রসে শর্করা পরিপাকের জন্য নিচে বর্ণিত এনজাইম ক্রিয়া করে।

১. অ্যামাইলেজ: স্টার্চ ও গ্লাইকোজেন $\xrightarrow{\text{অ্যামাইলেজ}}$ মল্টোজ।

২. মল্টেজ: মল্টোজ $\xrightarrow{\text{মল্টেজ}}$ গ্লুকোজ।

- আন্ত্রিক রসে শর্করা পরিপাকের জন্য নিচে বর্ণিত এনজাইম ক্রিয়া করে।

১. অ্যামাইলেজ: স্টার্চ, ডেক্সট্রিন + H₂O $\xrightarrow{\text{অ্যামাইলেজ}}$ মল্টোজ, মল্টোট্রায়োজ, ক্ষুদ্র ডেক্সট্রিন।

২. আইসোমল্টেজ: আইসোমল্টোজ + H₂O $\xrightarrow{\text{আইসোমল্টেজ}}$ মল্টোজ + গ্লুকোজ।

৩. মল্টেজ: মল্টোজ + H₂O $\xrightarrow{\text{মল্টেজ}}$ মল্টোজ + গ্লুকোজ।

৪. সুক্রোজ: সুক্রোজ + H₂O $\xrightarrow{\text{সুক্রোজ}}$ গ্লুকোজ + ফ্রুক্টোজ।

৫. ল্যাক্টেজ: ল্যাক্টোজ + H₂O $\xrightarrow{\text{ল্যাক্টেজ}}$ গ্লুকোজ + গ্যালাক্টোজ।

(ii) আমিষ পরিপাক :

- অগ্ন্যাশয় থেকে নিঃসৃত রসে আমিষ পরিপাকের জন্য নিচে বর্ণিত এনজাইম ক্রিয়া করে।

১. ট্রিপসিন : প্রোটিনোজ ও পেপটোন $\xrightarrow{\text{ট্রিপসিন}}$ পলিপেপটাইড।

২. কাইমোট্রিপসিন : প্রোটিনোজ ও পেপটোন $\xrightarrow{\text{কাইমোট্রিপসিন}}$ পলিপেপটাইড।

৩. কার্বোক্সিপেপটাইডেজ : পলিপেপটাইড $\xrightarrow{\text{কার্বোক্সিপেপটাইডেজ}}$ ডাইপেপটাইড + অ্যামিনো এসিড

৪. অ্যামিনোপেপটাইডেজ : পলিপেপটাইড $\xrightarrow{\text{অ্যামিনোপেপটাইডেজ}}$ অ্যামিনো এসিড।

৫. ট্রাইপেপটাইডেজ : ট্রাইপেপটাইড $\xrightarrow{\text{ট্রাইপেপটাইডেজ}}$ অ্যামিনো এসিড।

৬. ডাইপেপটাইডেজ : ডাইপেপটাইড $\xrightarrow{\text{ডাইপেপটাইডেজ}}$ অ্যামিনো এসিড।

৭. কোলাজিনেজ : কোলাজেন $\xrightarrow{\text{কোলাজিনেজ}}$ সরল পেপটাইড।

- আন্ত্রিক রসে আমিষ পরিপাকের জন্য নিচে বর্ণিত এনজাইম ক্রিয়া করে।

পলিপেপটাইড $\xrightarrow{\text{অ্যামিনোপেপটাইডেজ}}$ অ্যামিনো এসিড।

পাকস্থলী নিজেই হজম না হওয়ার কারণ:

- পুরু মিউকাস স্তর।
- অন্তর্গাত্র থেকে ক্ষরিত বাইকার্বনেট।
- পেপসিন দ্বারা HCl ব্যবহৃত হয়।
- এপিথেলিয়ামের কোষের ঘন ও দৃঢ় অবস্থান।



(iii) স্নেহ পরিপাক:

- অগ্ন্যাশয় থেকে নিঃসৃত রসে লিপিড পরিপাকের জন্য নিচে বর্ণিত এনজাইম ক্রিয়া করে।

১. লাইপেজ: স্নেহকণা $\xrightarrow{\text{লাইপেজ}}$ ফ্যাটি এসিড + গ্লিসারল।

২. ফসফোলাইপেজ: ফসফোলিপিড $\xrightarrow{\text{ফসফোলাইপেজ}}$ ফ্যাটি এসিড + গ্লিসারল + ফসফোরিক এসিড।

৩. কোলেস্টেরল এস্টারেজ: কোলেস্টেরল এস্টার $\xrightarrow{\text{কোলেস্টেরল এস্টারেজ}}$ ফ্যাটি এসিড + কোলেস্টেরল।

- আন্ত্রিক রসে লিপিড পরিপাকের জন্য নিচে বর্ণিত এনজাইম ক্রিয়া করে।

১. লাইপেজ: স্নেহকণা $\xrightarrow{\text{লাইপেজ}}$ মনোগ্লিসারাইড + ফ্যাটি এসিড।

২. লেসিথিনেজ: লেসিথিন $\xrightarrow{\text{লেসিথিনেজ}}$ ফ্যাটি এসিড + গ্লিসারল + ফসফোরিক এসিড + কোলিন।

৩. মনোগ্লিসারাইডেজ: মনোগ্লিসারাইড $\xrightarrow{\text{মনোগ্লিসারাইডেজ}}$ ফ্যাটি এসিড + গ্লিসারল।



(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম, পারভীন ম্যাডাম)

SAQ
Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ
Broad Ans Question

❖ দুধ দাঁতের সংকেত লিখ?

উত্তর: শিশুদের (দুধে দাঁত) দন্ত সংকেত : $\frac{I_2C_1M_2}{I_2C_1M_2} = \frac{5 \times 2}{5 \times 2} = 10 + 10 = 20$

❖ শর্করা পরিপাককারী পাঁচটি এনজাইমের নাম লিখ?

উত্তর: শর্করা পরিপাককারী পাঁচটি এনজাইমের নাম হলো :

১. টায়ালিন, ২. অ্যামাইলেজ, ৩. মল্টেজ, ৪. ল্যাক্টেজ, ৫. সুক্রোজ

❖ নিউক্লিক এসিড পরিপাক ব্যাখ্যা কর।

উত্তর: ১. নিউক্লিয়েজ এনজাইম নিউক্লিক এসিডকে ভেঙে মনোনিউক্লিওটাইডে পরিণত করে।

২. নিউক্লিওটাইডেজ এনজাইম নিউক্লিওটাইডসমূহ থেকে ফসফেট গ্রুপ অপসারণপূর্বক নিউক্লিওসাইডে পরিণত করে।

৩. নিউক্লিওসাইডেজ এনজাইম নিউক্লিওসাইডসমূহকে বিশ্লিষ্ট করে পেটোজ সুগার এবং নাইট্রোজেন বেস (পিউরিন বা আইরিমিডিন বেস) উৎপন্ন করে।

❖ আন্ত্রিক রসের লিপিড পরিপাককারী এনজাইমের নাম লিখ?

উত্তর: আন্ত্রিকগ্রন্থি থেকে নিঃসৃত লিপিড পরিপাককারী এনজাইম সমূহ হলো: লাইপেজ, অ্যালকালাইন ফসফেটেজ, লেসিথিনেজ।



REAL TEST



ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



STEP 01 ANALYSIS OF DU QUESTION

01. মুখ গহ্বরে কোন খাদ্যটির আংশিক পরিপাক ঘটে? [DU.15-16]

A. ভিটামিন B. শর্করা C. আমিষ D. ফ্যাটি অ্যাসিড

Ans B Why মুখ গহ্বরে শর্করা খাদ্যটির আংশিক পরিপাক ঘটে। আমিষ ও স্নেহ জাতীয় খাদ্য পরিপাকের জন্য কোন এনজাইম না থাকায় এধরনের খাদ্যের পরিপাক ঘটে না।

02. কোন এনজাইম আমিষকে ভেঙ্গে পলিপেপটাইডে পরিণত করে?

[DU.10-11; MBSTU.12-13; PSTU. 17-18]

A. Pepsin B. Lipase C. Lactase D. Trypsin

Ans D Why অগ্ন্যাশয় রসে অবস্থিত ট্রিপসিন এনজাইম প্রোটিন ও পেপটোন জাতীয় আমিষকে ভেঙ্গে পলিপেপটাইডে পরিণত করে।

03. লালগ্রন্থি থেকে নিঃসৃত এনজাইম যা শর্করা জাতীয় খাদ্য পরিপাকে সাহায্য করে তার নাম- [DU.05-06; JU:D.15-16; RU.10-11; MAT.07-08; BU.12-13; JU:D.16-17; KU.18-19,16-17]

A. Ptyaline B. Renin C. Trypsin D. Pepsin

Ans A Why লালগ্রন্থি থেকে নিঃসৃত লালারসে টায়ালিন ও মল্টেজ নামে শর্করাবিশ্লেষী এনজাইম পাওয়া যায়। এগুলো শর্করা জাতীয় খাদ্য পরিপাকে সাহায্য করে।

04. নিষ্ক্রিয় পেপসিনোজেনকে সক্রিয় পেপসিনে রূপান্তরিত করে কোন নিঃসরণ?

[DU.98-99; JnU.08-09]

A. সিক্রেটিন B. মিউসিন
C. হাইড্রোক্লোরিক এসিড D. অগ্ন্যাশয় রস

Ans C Why গ্যাস্ট্রিক জুসে পেপসিনোজেন নামক নিষ্ক্রিয় প্রোটিনোলাইটিক এনজাইম থাকে। গ্যাস্ট্রিক জুসের HCl এর সাথে বিক্রিয়া করে পেপসিন নামক সক্রিয় এনজাইমে পরিণত হয়। এটি প্রোরেনিনকেও সক্রিয় রেনিনে পরিণত করে।

STEP 02 ANALYSIS OF JU QUESTION

01. পাকস্থলীর কোন অংশে অন্ত্রালী উন্মুক্ত হয়? [JU-D, Set-G. 20-21]

A. কার্ডিয়া B. পাইরোরাস C. ফান্ডাস D. বড় বাঁক

Ans A Why পাকস্থলীর যে অংশটি ডিওডেনামে উন্মুক্ত হয়, তাকে পাইরোরাস বলে।

02. কোন গ্রন্থি ট্রিপসিন নিঃসরণ করে? [JU-D, Set-D. 20-21]

A. লালগ্রন্থি B. অগ্ন্যাশয় C. যকৃত D. গ্যাস্ট্রিক গ্রন্থি

Ans B Why অগ্ন্যাশয় নিঃসৃত প্রোটিন পরিপাককারী এনজাইম: ট্রিপসিন, কাইমোট্রিপসিন, কার্বোক্সিপেপটাইডেজ, অ্যামিনোপেপটাইডেজ, ট্রাইপেপটাইডেজ, ডাইপেপটাইডেজ, কোলাজিনেজ, ইলাস্টেজ।

03. স্নেহদ্রব্য পরিপাককারী এনজাইম কোনটি? [JU-D, Set-A. 20-21]

A. লেসিথিনেজ B. টায়ালিন C. কাইমোট্রিপসিন D. অ্যামাইলেজ

Ans A Why বিভিন্ন এনজাইমের কাজ:

স্থান	খাবারের ধরন	এনজাইমের নাম
মুখ গহ্বর	শর্করা	টায়ালিন, মল্টেজ
পাকস্থলী (পাকরস)	আমিষ	পেপসিন, রেনিন, জিলেটিনেজ
	স্নেহ	গ্যাস্ট্রিক লাইপেজ
অগ্ন্যাশয় রস (ক্ষুদ্রান্ত্র)	শর্করা	অ্যামাইলেজ, মল্টেজ
	আমিষ	ট্রিপসিন, কাইমোট্রিপসিন, কার্বোক্সিপেপটাইডেজ, অ্যামিনো পেপটাইডেজ, ট্রাইপেপটাইডেজ, ডাইপেপটাইডেজ, কোলাজিনেজ, ইলাস্টেজ
	স্নেহ	লাইপেজ, ফসফোলাইপেজ, কোলেস্টেরল এস্টারেজ
আন্ত্রিক রস (ক্ষুদ্রান্ত্র)	শর্করা	অ্যামাইলেজ, আইসোমল্টেজ, মল্টেজ, সুক্রোজ, ল্যাক্টেজ
	আমিষ	অ্যামিনোপেপটাইডেজ
	স্নেহ	লাইপেজ, লেসিথিনেজ, মনোগ্লিসারাইডেজ
	নিউক্লিক এসিড	নিউক্লিয়েডেজ, নিউক্লিওটাইডেজ, নিউক্লিওসাইডেজ

04. অম্লীয় পরিবেশে অধিক কার্যকরী এনজাইম কোনটি? [JU-D, Set-A. 20-21]

A. লাইপেজ B. ট্রিপসিন C. পেপসিন D. টায়ালিন

Ans C Why গ্যাস্ট্রিক জুসে পেপসিনোজেন ও প্রোরেনিন নামক নিষ্ক্রিয় প্রোটিনোলাইটিক (আমিষ বিশ্লেষী) এনজাইম থাকে। এ দুটি নিষ্ক্রিয় এনজাইম গ্যাস্ট্রিক জুসের HCl-এর সাথে বিক্রিয়া করে যথাক্রমে পেপসিন ও রেনিন নামক সক্রিয় এনজাইমে পরিণত হয়।

05. কার্ডিয়া, ফান্ডাস ও পাইরোরাস কোনটির অংশ? [JU: Unit-D; Set-I;19-20]

A. অগ্ন্যাশয় B. ক্ষুদ্রান্ত্র C. বৃহদন্ত্র D. পাকস্থলী

Ans D Why পাকস্থলীর বিভিন্ন অংশ:

- কার্ডিয়া (Cardia): পাকস্থলীর যে অংশে অন্ত্রালী উন্মুক্ত হয়।
- ফান্ডাস (Fundus): কার্ডিয়ার বাম পাশে পাকস্থলী-প্রাচীর যা গম্বুজাকার ধারণ করে।
- পাইরোরাস (Pylorus): যে অংশটি ডিওডেনামে উন্মুক্ত হয়।

06. শর্করা পরিপাকে সহায়তা করে কোনটি? [JU: Unit-D; Set-I;19-20]

A. লালারস B. মল্টেজ C. টায়ালিন D. সবগুলো

Ans D Why লালগ্রন্থি থেকে নিঃসৃত টায়ালিন ও মল্টেজ এনজাইম শর্করা জাতীয় খাদ্য পরিপাকে সাহায্য করে। লালারস কিছুটা অম্লীয় এবং এর অধিকাংশই পানি (৯৫.৫%)।

07. কোন এনজাইমটি শর্করা পরিপাকের সাথে সংশ্লিষ্ট নয়? [JU:D; Set-Q,19-20]

- A. আইসোমাল্টেজ B. ইলাস্টেজ C. কোলাজিনেজ D. B + C

Ans D Why বিভিন্ন এনজাইমের কাজ:

পরিপাককারী পদার্থ	এনজাইম
শর্করা	অ্যামাইলেজ, মল্টেজ, ল্যাক্টেজ, সুক্রোজ
প্রোটিন	ট্রিপসিন, কাইমোট্রিপসিন, কার্বোক্সিপেপটাইডেজ, অ্যামিনোপেপটাইডেজ, ডাইপেপটাইডেজ, ট্রাইপেপটাইডেজ, কোলাজিনেজ।
লিপিড	লাইপেজ, ফসফোলাইপেজ, কোলেস্টেরল এস্টারেজ, ইলাস্টেজ

08. কোন জাতীয় খাদ্য পরিপাক করতে হয় না? [JU: D;Set-F,18-19]

- A. আমিষ B. শ্বেতসার C. স্নেহ D. সরল শর্করা **Ans D**

09. কোন এনজাইমটি অগ্ন্যাশয় রসে অনুপস্থিত? [JU:D,17-18]

- A. অ্যামাইলেজ B. লাইপেজ
C. পেপসিনোজেন D. প্রোটিনেজ **Ans C**

10. টায়ালিন কোন ধরণের খাবার পরিপাকে ভূমিকা রাখে? [JU:D,17-18]

- A. শর্করা B. আমিষ C. স্নেহদ্রব্য D. সবগুলো **Ans A**

11. ক্ষুদ্রান্ত্রের ফসফোলাইপেজ লিপিডকে সরলীকৃত করে কোন উপাদানটি তৈরি করে? [JU:D,16-17]

- A. ফ্যাটি এসিড B. অ্যামিনো এসিড
C. প্যারাকেসিন D. গ্লুকোজ **Ans A**

12. মানবদেহের অগ্ন্যাশয়ে ট্রাইগ্লিসারাইডকে পরিপাককারী এনজাইমের নাম কি? [JU:D,13-14]

- A. ট্রাইবিউটারেজ B. ফসফোলাইপেজ
C. লেসিথিনেজ D. মনোগ্লিসারাইডেজ **Ans B**

13. মানবদেহের আন্ত্রিকরসে প্রোটিন খাদ্য পরিপাকে সাহায্যকারী এনজাইমের নাম কি? [JU:D,13-14]

- A. ট্রাইপেপটাইডেজ B. পেপসিনোজেন
C. ট্রিপসিনোজেন D. কোলাজিনেজ **Ans A**

14. মানবদেহের ডায়াফ্রামের নিচে উদরের উপরের অংশে কোনটি অবস্থিত? [JU:D,13-14]

- A. পাকস্থলী B. ক্ষুদ্রান্ত্র
C. বৃহদন্ত্র D. কোনটিই নয় **Ans A**

15. মানবদেহের কোথায় ল্যাকটেজ এনজাইম পাওয়া যায়? [JU:D,12-13]

- A. লালারসে B. পাকস্থলীরসে
C. অগ্ন্যাশয়রসে D. আন্ত্রিকরসে **Ans D**

16. মানবদেহের কোথায় জিলাটিনেজ এনজাইম পাওয়া যায়? [JU:D,12-13]

- A. লালারসে B. পাকস্থলীরসে
C. অগ্ন্যাশয়রসে D. আন্ত্রিকরসে **Ans B**

17. মানবদেহের কোথায় ইলাস্টেজ এনজাইম পাওয়া যায়? [JU:D,12-13]

- A. লালারসে B. পাকস্থলীরসে
C. অগ্ন্যাশয়রসে D. আন্ত্রিকরসে **Ans C**

18. মানবদেহের কোথায় কোলাজিনেজ এনজাইম পাওয়া যায়? [JU:D,12-13]

- A. লালারসে B. পাকস্থলীরসে
C. অগ্ন্যাশয়রসে D. আন্ত্রিকরসে **Ans C**

19. পাচক রসে প্রোটিন খাদ্য পরিপাককারী এনজাইম কোনটি? [JU:D,11-12]

- A. নিষ্ক্রিয় পেপসিনোজেন B. নিষ্ক্রিয় ট্রিপসিনোজেন
C. এমাইনোপেপটাইডেজ D. প্রোলিডেজ **Ans A**

20. পেপসিন কোনটির সমগোত্রীয়? [JU:D,11-12]

- A. অ্যামাইলেজ B. ইনভার্টেজ
C. ট্রিপসিন D. অ্যানিলিন **Ans C**

21. কোনটি প্রোটিনেজ এনজাইমের উদাহরণ? [JU:D,11-12]

- A. সেলুলোজ B. পেপসিন
C. লেসিথিনেজ D. নিউক্লিয়েজ **Ans B**

22. লাইপেজ এনজাইমের সাবস্ট্রেট কোনটি? [JU:D,11-12]

- A. স্টার্চ B. প্রোটিন
C. ফ্যাট বডি D. নিউক্লিয়িক এসিড **Ans C**

23. দাঁতের ডেন্টিন এর রঙ কেমন? [JU:D,11-12]

- A. হালকা হলুদ B. নীলাভ C. পীত বর্ণের D. লালচে **Ans A**

STEP 03 ANALYSIS OF RU QUESTION

01. পাকস্থলীতে সর্ব অভ্যন্তরস্থ স্তরের নাম কে, কি বলা হয়? [RU: Sinovac, Set-1. 20-21]

- A. সেরোসা B. সাবমিউকোসা C. মিউকোসা D. মাসকিউলারিস মিউকোসা
Ans C Why পাকস্থলীর প্রাচীর পাঁচটি স্তরে বিভক্ত: বাইরে থেকে ভিতরে-

- সেরোসা • পেশিস্তর (অনুদৈর্ঘ্য পেশি, বৃত্তাকার পেশি, তির্যক পেশি)
- সাবমিউকোসা • মাসকিউলারিস মিউকোসা • মিউকোসা: রুগী ও গ্যাস্ট্রিক গ্রন্থি (কার্ডিয়াক গ্রন্থি, ফাউস গ্রন্থি, পাইলোরিক গ্রন্থি, ব্রনাস গ্রন্থি) পাওয়া যায়।

02. কোনটি দুধের প্রোটিন পরিপাককারী এনজাইম? [RU: Sinovac, Set-1. 20-21]

- A. পেপসিন B. ট্রিপসিন C. কেসিন D. রেনিন

Ans D Why কেসিন (দুধ আমিষ) + পানি $\xrightarrow{\text{রেনিন}}$ প্যারাকেসিন।

03. চর্বি ভেঙ্গে ফ্যাটি এসিডে পরিণত করে কোন এনজাইম? [RU:SG-2,18-19]

- A. ট্রিপসিন B. লাইপেজ C. অ্যামাইলেজ D. মল্টেজ **Ans B**

04. পাকস্থলীতে কোন জাতীয় খাদ্যের পরিপাক শুরু হয়? [RU:16-17]

- A. কার্বোহাইড্রেট B. প্রোটিন
C. লিপিড D. কোনটিই হয়না **Ans B**

05. গ্যাস্ট্রিক জুসে কোন এনজাইম থাকে? [RU:15-16]

- A. পেপসিনোজেন B. অ্যামাইলেজ
C. লাইপেজ D. প্রোটিনেজ **Ans A**

06. মানুষের চার ধরণের দাঁতের মধ্যে পেষণ দাঁতের সংকেত কোনটি? [RU:13-14]

- A. I B. C C. Pm D. M **Ans D**

07. জিলেটিনেজ এনজাইম জিলেটিনকে ভেঙ্গে উৎপন্ন করে- [RU:13-14]

- A. পেপটোন B. প্রোলিন C. গ্লিসারল D. গ্লুকোজ **Ans A**

08. মানুষের দাঁতের প্রকারভেদ কয়টি? [RU:12-13]

- A. ২ টি B. ৩ টি C. ৪ টি D. ৫ টি **Ans C**

09. HCl এর ক্ষতি থেকে পাকস্থলী প্রাচীরকে রক্ষা করে কে? [RU:11-12; PSTU. 14-15]

- A. মিউকাস B. টায়ালিন C. মল্টেজ D. সুক্রোজ **Ans A**

10. খাদ্য পরিপাকে কোন্ হরমোনটি অংশ গ্রহণ করে না- [RU:11-12]

- A. গ্যাস্ট্রিন B. সিক্রেটিন C. ইনসুলিন D. গ্লুকাগন **Ans C**

11. কোনটি থেকে পেপটোন উৎপন্ন হয় না? [RU:11-12]

- A. দুধ B. মাছ C. জিলেটিন D. ডাইপেপটাইড **Ans D**

12. কোনটি থেকে শুধু গ্লুকোজ পাওয়া যায়? [RU:C, 11-12]

- A. মল্টেজ B. সুক্রোজ C. স্টার্চ D. ল্যাক্টোজ **Ans A**

13. পাকস্থলীর প্রাচীরের স্তর নয় কোনটি? [RU:10-11]

- A. লোবিউল B. সেরোসা C. মিউকোসা D. পেশীস্তর **Ans A**

14. বুগী পাওয়া যায়- [RU:08-09; MAT.89-90]

- A. অস্ত্রে B. পাকস্থলীতে C. বৃক্কে D. ডিম্বাশয়ে **Ans B**

STEP 04 ANALYSIS OF CU QUESTION

01. পাকস্থলীতে খাদ্যবাহিত অধিকাংশ ব্যাকটেরিয়াকে ধ্বংস করে কে? [CU-A, Shift-4. 20-21]

- A. Pepsin B. Renin C. HCl D. Lysozyme

Ans C Why HCl একটি তীব্র এসিড যা পাকস্থলীর প্যারাইটাল কোষ থেকে নিঃসৃত হয়ে পাকস্থলীতে অম্লীয় পরিবেশ তৈরি করে। অম্লীয় পরিবেশে ব্যাকটেরিয়াসহ অন্যান্য অণুজীব ধ্বংস হয়ে যায়।

02. মস্তিষ্কের বিকাশের জন্য কোনটি একান্ত প্রয়োজন? [CU-A, Shift-1. 20-21]

- A. গ্লুকোজ B. মল্টেজ C. গ্যালাকটোজ D. ল্যাকটোজ

Ans C Why গ্যালাকটোজ শক্তির উৎস হিসেবে কাজ করে এটি এক প্রকার মিষ্টি শর্করা।

03. আমিষ পরিপাককারী এনজাইম কোনটি? [CU-A, Shift-1. 20-21]
A. ট্রিপসিন B. মল্টেজ C. সুক্রোজ D. লাইপেজ

Ans A Why আমিষ পরিপাক:

- অগ্ন্যাশয় থেকে নিঃসৃত রসে: ট্রিপসিন, কাইমোট্রিপসিন, কার্বোক্সিপেপটাইডেজ, অ্যামিনোপেপটাইডেজ, ট্রাইপেপটাইডেজ, ডাইপেপটাইডেজ, কোলাজিনেজ।
- আন্ত্রিক রসে: অ্যামিনোপেপটাইডেজ।

04. প্রোটিনের সর্বশেষ পরিণতি কোনটি? [CU. 19-20]
A. গ্লুকোজ B. অ্যামিনো এসিড C. গ্লিসারল D. ফ্যাটি এসিড

Ans B Why বিভিন্ন জটিল উপাদানের সরল অবস্থা:

জটিল উপাদান	সরল অবস্থা
কার্বোহাইড্রেট	গ্লুকোজ
প্রোটিন	অ্যামিনো এসিড
লিপিড	ফ্যাটি এসিড ও গ্লিসারল

05. পাকস্থলীর সবচেয়ে বাহিরের স্তরের নাম কি? [CU.15-16]
A. মিউকোসা B. সাব-মিউকোসা
C. মাসকিউলারিস মিউকোসা D. পেশীস্তর E. সেরোসা **Ans E**

06. ট্রিপসিনোজেনকে সক্রিয় করে— [CU.15-16]
A. HCl B. পেপসিন
C. এন্টেরোকাইনেজ D. ইর্যাপসিন E. ট্রিপসিনোঅ্যাক্টিভেজ **Ans C**

07. পেপসিন এক প্রকার— [CU.15-16]
A. হরমোন B. ভিটামিন
C. এনজাইম D. পুষ্টি উপাদান E. কোনটিই নয় **Ans C**

08. আমিষ পরিপাক শুরু হয়— [CU.13-14]
A. মুখগহ্বরে B. পাকস্থলিতে
C. ক্ষুদ্রান্ত্রে D. কোলনে E. অগ্ন্যাশয়ে **Ans B**

09. পেপসিন নামক এনজাইম কোনটি ভেঙ্গে হজমে সাহায্য করে? [CU.11-12]
A. স্টার্চ B. তেল ও চর্বি
C. গ্লুকোজ D. প্রোটিন E. ভিটামিন **Ans D**

10. কোলেস্টরল কি? [CU.09-10]
A. এক প্রকার জারক রস B. এক প্রকার প্রোটিন
C. এক প্রকার শর্করা D. এক প্রকার চর্বি জাতীয় পদার্থ
E. কোনটিই নয় **Ans D**

11. ট্রিপসিন পাওয়া যায়— [CU.01-02]
A. আন্ত্রিক রসে B. পাকস্থলীর রসে C. অগ্ন্যাশয় রসে D. বৃহদন্ত্রে **Ans C**

STEP 05 ANALYSIS OF DU-7 Clg QUESTION

01. টায়ালিন নিঃসৃত হয় কোথা থেকে? [DU-7Clg. 19-20]
A. যকৃত B. অগ্ন্যাশয় C. লালাগ্রন্থি D. গ্যাস্ট্রিকগ্রন্থি

Ans C Why পিত্তরস নিঃসৃত হয় যকৃত থেকে। অ্যামাইলেজ, লাইপেজ ও প্রোটিনেজ নিঃসৃত হয় অগ্ন্যাশয় থেকে। গ্যাস্ট্রিকগ্রন্থি থেকে নিঃসৃত হয় লাইপেজ, পেপসিন, রেনিন।

STEP 06 ANALYSIS OF GST QUESTION

PART A Analysis of General University Question

KU

01. পরিপাকে ক্রিয়াশীল সিক্রেটিন হরমোন কোথা থেকে ক্ষরিত হয়? [KU.18-19]
A. পাকস্থলি B. ডিওডেনাম C. ইলিয়াম D. অগ্ন্যাশয় **Ans B**
02. কোন হরমোন ক্ষুদ্রান্ত্রে আমিষ শোষণ নিয়ন্ত্রণ করে? [KU.17-18]
A. ইনসুলিন B. গ্লুকোকোর্টিকয়েড
C. থাইরক্সিন D. কর্টিসল **Ans C**

03. প্রাণিদেহে প্রোটিন হজম হয়ে অ্যামাইনো এসিড উৎপাদিত হয় কোন এনজাইমের প্রভাবে? [KU.08-09]
A. ট্রিপসিন B. লাইপেজ C. অ্যামাইলেজ D. ল্যাকটেজ **Ans A**

04. মানব দেহের কোন প্রকার পরিপাক রসে কার্বোহাইড্রেট পরিপাকে সাহায্যকারী এনজাইম থাকে না? [KU.08-09]
A. লালারসে B. অগ্ন্যাশয় রসে
C. আন্ত্রিক রসে D. পাকস্থলী রসে **Ans D**

IU

01. শর্করা জাতীয় খাদ্যকে গ্লুকোজে রূপান্তরিত করে কোন্ এনজাইম? [IU.15-16; BU.15-16; RU.11-12]
A. পেপসিন B. লাইপেজ
C. ট্রিপসিন D. অ্যামাইলেজ **Ans D**

BU

01. অগ্ন্যাশয় রস নয়— [BU.17-18]
A. ট্রিপসিন B. লাইপেজ C. টায়ালিন D. মল্টেজ **Ans C**

PART B Analysis of Science & Technology Question

JUST

01. মুখবিহ্বরে নিম্নের কোন খাদ্যটির পরিপাক ঘটে? [JUST:B,19-20]
A. ভিটামিন B. প্রোটিন C. লিপিড D. কোনটিই নয়
Ans D Why মুখবিহ্বরের শর্করা ব্যতীত অন্য কোনো খাদ্যের পরিপাক ঘটে না।

BSMRSTU

01. মানবদেহের আন্ত্রিকরসে প্রোটিন খাদ্য পরিপাকে সাহায্যকারী এনজাইমের নাম কি? [BSMRSTU.13-14]
A. ট্রাইপেপটাইডেজ B. পেপসিনোজেন
C. ট্রিপসিনোজেন D. কোলাজিনেজ **Ans Blank**

PUST

01. কোন খাদ্য উপাদানের পরিপাকের জন্য ইমালসিফিকেশনের প্রয়োজন হয়? [PUST: A.19-20]
A. শর্করা B. স্নেহ C. ভিটামিন D. আমিষ
Ans B Why পিত্ত লবণ স্নেহ জাতীয় খাদ্যকে ভেঙ্গে ক্ষুদ্র ক্ষুদ্র কণায় পরিণত করে। একে ইমালসিফিকেশন বলে।

NSTU

01. মানব জীবদশায় কোন বয়সে পাকস্থলীর অগ্নীয় পরিবেশ বেশী থাকে? [NSTU.14-15]
A. শিশু অবস্থায় B. বয়স্ক অবস্থায়
C. বৃদ্ধ অবস্থায় D. কোনটিই নয় **Ans A**

PSTU

01. চর্বি জাতীয় খাদ্য পরিপাকে কে সাহায্য করে? [PSTU.15-16]
A. অ্যামাইলেজ B. লাইপেজ C. মলটেজ D. ট্রিপসিন
Ans B Why • শর্করা জাতীয় খাদ্য পরিপাকে সহায়তাকারী- টায়ালিন, মল্টেজ, সুক্রোজ, অ্যামাইলেজ, ইনভারটেজ।
• আমিষ বা প্রোটিন জাতীয় খাদ্য পরিপাকে সহায়তা কারী- পেপসিন, রেনিন, ট্রিপসিন, ট্রাইপেপটাইডেজ, ডাই পেপটাইডেজ, কোলাজিনেস, ইরেপসিন, অক্সিরাইবোনিউক্লিয়েজ, রাইবো নিউক্লিয়েজ।
• লিপিড জাতীয় খাদ্য পরিপাক কারী এনজাইম- লাইপেজ, এস্টারেজ, লেসিথিনেজ।
02. দুধকে কোন এনজাইম জমাটবদ্ধ করে? [PSTU.14-15]
A. পেপসিন B. ট্রিপসিন C. রেনিন D. ল্যাকটেজ **Ans C**

STEP 07 ANALYSIS OF MEDICAL & DENTAL QUESTION
MAT
01. কোন এনজাইম অগ্ন্যাশয়ে নাই? [MAT.2020-21]

A. Maltase B. Amylase C. Ptyalin D. Trypsin

[Ans C Why] অগ্ন্যাশয় নিঃসৃত বিভিন্ন এনজাইম:

অগ্ন্যাশয় রস	শর্করা	অ্যামাইলেজ, মল্টেজ
	আমিষ	ট্রিপসিন, কাইমোট্রিপসিন, কার্বোক্সিপেপটাইডেজ, অ্যামিনো পেপটাইডেজ, ট্রাইপেপটাইডেজ, ডাইপেপটাইডেজ, কোলাজিনেজ, ইলাস্টেজ
	স্নেহ	লাইপেজ, ফসফোলাইপেজ, কোলেস্টেরল এস্টারেজ

02. কোনটি আমিষ পরিপাককারী (Digesting) এনজাইম? [MAT.2020-21]

A. Lactase B. Pepsin C. Lipase D. Isomaltase

[Ans B Why] যে সকল এনজাইম আমিষকে ভেঙ্গে অ্যামিনো এসিডে পরিণত করে, তাকে আমিষ পরিপাককারী এনজাইম বলে।

03. একজন 6 বছরের বালিকার দাঁতের সংকেত (ICPM) কোনটি? [MAT.16-17]

 A. $I_2C_1P_2M_3$ B. $I_2C_1P_0M_2$ C. $I_2C_2P_1M_0$ D. $I_2C_0P_1M_2$ **[Ans B]**
04. মানুষের ক্ষেত্রে নিম্নের কোন তথ্যটি সঠিক নয়? [MAT.12-13, 09-10]

- A. প্যারোটাইড গ্রন্থি একটি লালগ্রন্থি
 B. পূর্ণ বয়স্ক মানুষের এ্যাপেনডিভিক্স একটি নিষ্ক্রিয় অঙ্গ হিসাবে শরীরে থাকে
 C. জিহ্বার পিছনের অংশের স্বাদকোরক মিষ্টতা অনুভবে সাহায্য করে
 D. গলনালী প্রায় 25 সে.মি. লম্বা

[Ans C]
05. পরিপাক সম্পর্কিত নিম্নের কোন্ তথ্যটি সঠিক নয়? [MAT.11-12]

- A. মুখগহ্বরে কোন এনজাইম নিঃসৃত হয় না
 B. চর্বি জাতীয় খাদ্যের জন্য পিণ্ডরসের বিশেষ লবণ প্রয়োজন হয়
 C. বৃহদন্ত্রে কোন প্রকার খাদ্য উপাদান পরিপাক হয় না
 D. ক্ষুদ্রান্ত্রের pH ক্ষারীয় মাত্রায় থাকে

[Ans A]
06. নিম্নের কোনটি আমিষ জাতীয় উপাদান কিন্তু এনজাইম নয়? [MAT.11-12]

 A. টায়ালিন B. গামা গ্লোবিউলিন C. ট্রিপোনিন D. লাইপেজ **[Ans B]**
07. নিম্নের কোনটি শ্বেতসার পরিপাকে সাহায্যকারী উৎসেচক নয়? [MAT.09-10]

 A. টায়ালিন B. মল্টেজ C. লাইসোজাইম D. অ্যামাইলেজ **[Ans C]**
08. আমিষ জাতীয় খাদ্য পরিপাকে সাহায্য করে- [MAT.99-00]

 A. লালা B. পেপসিন C. লাইপেজ D. অ্যামাইলেজ **[Ans B]**
09. স্নেহজাতীয় খাদ্য পরিপাকে কোন উৎসেচক অংশগ্রহণ করে? [MAT.90-91; BAU.04-05; DU.02-03, 97-98; CU.04-05; BSMRSTU.17-18; JUST.08-09]

 A. লাইপেজ B. ল্যাকটেজ C. প্রোটোজ D. মল্টেজ **[Ans A]**
DAT
01. নিচের কোনটি খাদ্য গিলে ফেলার সময় স্বরযন্ত্র (Larynx) এর ছিদ্র বন্ধ করে? [DAT.2020-21]

A. জিহ্বা B. কোমল তালু C. আলজিহ্বা D. কোয়ানি

[Ans C Why] জিহ্বার গোড়ারদিকে শ্বাসনালীর অংশ হিসেবে অবস্থিত এপিগ্লটিস (আলজিহ্বা) অন্ননালীর উপর এমন এক উর্ধ্বগামী বল প্রয়োগ করে যাতে চিবানো খাদ্য শ্বাসনালীর ভিতর প্রবেশ না করে অন্ননালীর ভিতর প্রবেশ করে।

- **জিহ্বা:** মুখবিবরের মেঝেতে অবস্থিত মাংসল, সঞ্চরণশীল ও সংবেদন অঙ্গটিকে জিহ্বা বলে। জিহ্বা আবরণী কলা, পেশি ও গ্রন্থি নিয়ে গঠিত। জিহ্বার আবরণী কলার স্বাদকোরক বা স্বাদকুঁড়ি এবং প্যাপিলি থাকে।
- **কোমল তালু:** তালু মুখগহ্বরের ছাদ। এর দুটি অংশ আছে। কঠিন তালু, যার মধ্যে অস্থি আছে। নমনীয় বা কোমল তালু, তালুর অস্থিহীন পশ্চাত অংশ যা ঢোক গেলার সময় উপর দিকে উঠে গিয়ে খাদ্য বা পানীয়র অন্তঃনাসারন্ধ্র পথে নাসাবিবরের পিছন দিক দিয়ে ঢোকের পথ বন্ধ করে। এর শীর্ষে লম্বমান অংশের নাম আলজিভ।
- **কোয়ানি:** নাসা গহ্বরদ্বয় যে দুটি ছিদ্রের মাধ্যমে নাসাগলবিলে উন্মুক্ত হয় তাকে কোয়ানি বা পশ্চাত নাসারন্ধ্র বলে। এসব ছিদ্রপথে বাতাস নাসাগলবিলে প্রবেশ করে।

02. অন্ত্রের কোন স্তরে গবলেট কোষ (Goblet cell) থাকে? [DAT.19-20]

A. সেরোসা B. মাসকিউলারিস মিউকোসা C. মিউকোসা D. সাবমিউকোসা

[Ans C Why] অন্ত্রের প্রাচীর সেরোসা, পেশিস্তর, সাবমিউকোসা, মাসকিউলারিস মিউকোসা ও মিউকোসা স্তর নিয়ে গঠিত। পেশিস্তর বহিঃস্থ অনুদৈর্ঘ্য ও অন্তঃস্থ বৃত্তাকার পেশিতে গঠিত। সাবমিউকোসা রক্তনালি ও শ্বাসস্বন্ধ। মিউকোসাতে গবলেট ও শোষণক্ষম কোষ থাকে।

03. কোনটি খাদ্যমণ্ড (Food bolus) কে মানবদেহের নাসাছিদ্রের (Nasal aperture) পথে প্রবেশে বাধা দেয়? [DAT.19-20]

A. জিহ্বা B. কোমল তালু C. আলজিহ্বা D. কঠিন তালু

[Ans B Why] কোমল তালু খাদ্যমণ্ডকে নাসাছিদ্রের পথে প্রবেশে বাধা দেয় এবং এপিগ্লটিস বা আলজিহ্বা খাদ্যমণ্ডকে শ্বাসনালীর ভেতরে প্রবেশে বাধা দেয়।

04. নিচের কোন এনজাইমটি অগ্ন্যাশয় রসে বিদ্যমান? [DAT.19-20]

A. পেপসিন B. ম্যালটোজ C. ল্যাকটোজ D. ট্রিপসিন

[Ans D Why] অগ্ন্যাশয় রসে বিদ্যমান এনজাইম:

পরিপাককারী পদার্থ	এনজাইম
শর্করা	অ্যামাইলেজ ও মল্টেজ
প্রোটিন	ট্রিপসিন, কাইমোট্রিপসিন, কার্বোক্সিপেপটাইডেজ, অ্যামিনোপেপটাইডেজ, ডাইপেপটাইডেজ, ট্রাইপেপটাইডেজ, কোলাজিনেজ।
লিপিড	লাইপেজ, ফসফোলাইপেজ, কোলেস্টেরল এস্টারেজ

05. একজন পূর্ণবয়স্ক মানুষের নিচের চোয়ালে মোলার দাঁতের সংখ্যা কত? [DAT.18-19]

 A. ২টি B. ৬টি C. ৩টি D. ৪টি **[Ans B]**
06. স্থায়ী দাঁতের সংকেত হলো? [DAT.08-09,04-05]

- A. $\frac{I_2C_1Pm_2M_3 \times 2}{I_2C_1Pm_2M_3 \times 2}$ B. $\frac{I_2C_1Pm_1M_3 \times 2}{I_1C_1Pm_1M_3 \times 2}$
 C. $\frac{I_2C_1Pm_3M_3 \times 2}{I_2C_1Pm_3M_3 \times 2}$ D. $\frac{I_2C_1Pm_2M_2 \times 2}{I_2C_1Pm_2M_2 \times 2}$ **[Ans A]**

07. নিম্নের কোনটি প্রাপ্ত বয়স্ক মানুষের মোলার দাঁতের মোট সংখ্যা? [DAT.07-08]

 A. ৩ B. ৬ C. ৮ D. ১২ **[Ans D]**
08. অগ্ন্যাশয় রসে কার্বোহাইড্রেট পরিপাকের প্রয়োজনীয় এনজাইমের নাম কি? [DAT.02-03; CU.08-09]

 A. অ্যামাইলেজ B. ল্যাকটেজ C. টায়ালিন D. সুক্রোজ **[Ans A]**
09. কোন উৎসেচকটি দুগ্ধ প্রোটিন পরিপাকে সাহায্য করে? [DAT.99-00]

 A. অ্যামাইলেজ B. পেপসিন C. ট্রিপসিন D. রেনিন **[Ans D]**
10. আমিষ জাতীয় খাদ্য পরিপাকের উৎসেচক কোনটি? [DAT.94-95]

 A. অ্যামাইলেজ B. পেপটাইডেজ C. লাইপেজ D. মল্টেজ **[Ans B]**
11. প্রোটিন পরিপাক- [DAT.91-92]

- A. পাকস্থলীতে শুরু হয়ে ক্ষুদ্রান্ত্রে শেষ হয়
 B. পাকস্থলীতে শুরু হয়ে ডিওডেনামে শেষ হয়
 C. মুখ হতে শুরু হয়ে ক্ষুদ্রান্ত্রে শেষ হয়
 D. পাকস্থলীতে শুরু হয়ে বৃহদন্ত্রে শেষ হয় **[Ans A]**

12. নিচের কোনটি দুধ দাঁত নয়? [DAT.93-94; MAT.93-94]

 A. ইনসিসর B. কেনাইন C. প্রিমোলার D. মোলার **[Ans C]**
AFMC
01. নিষ্ক্রিয় পেপসিনোজেনকে সক্রিয় পেপসিনে পরিণত করে কে? [AFMC.2020-21]

A. পিণ্ডরস B. অগ্ন্যাশয় রস C. HCl D. কার্বোহাইড্রেট

[Ans C Why] আমিষ পরিপাক : গ্যাস্ট্রিক জুসে পেপসিনোজেন ও প্রোথেরিন নামক নিষ্ক্রিয় প্রোটিনোলাইটিক (আমিষ বিশ্লেষী) এনজাইম থাকে। এ দুটি নিষ্ক্রিয় এনজাইম গ্যাস্ট্রিক জুসের HCl-এর সাথে বিক্রিয়া করে যথাক্রমে পেপসিন ও রেনিন নামক সক্রিয় এনজাইমে পরিণত হয়।

 • আমিষ + পানি $\xrightarrow{\text{পেপসিন}}$ প্রোটিনোজ + পেপটোন।

 • কেসিন (দুগ্ধ আমিষ) + পানি $\xrightarrow{\text{রেনিন}}$ প্যারাকেসিন।

 • প্যারাকেসিন $\xrightarrow{\text{পেপসিন}}$ পেপটোন।

STEP 08 ANALYSIS OF HSC BOARD QUESTION**Rajshahi Board**

01. ক্ষুদ্রান্ত্রের অংশ নয় কোনটি? [রা.বো. ২০১৭]
A. ফাভাস B. ডিওডেনাম C. জেজুলাম D. ইলিয়াম **Ans A**
02. লিপিড \xrightarrow{E} ফ্যাটি এসিড + গ্লিসারল 'E' কোন এনজাইম কে নির্দেশ করে? [রা.বো. ২০১৭]
A. পেপসিন B. রেনিন C. অ্যামাইলেজ D. লাইপেজ **Ans D**

Dinajpur Board

01. কোনটি আমিষ পরিপাককারী এনজাইম? [দি.বো.-২০২১]
A. মল্টেজ B. লাইপেজ C. ট্রিপসিন D. সুফ্রেজ **Ans C**
02. কেসিন + পানি $\xrightarrow{\text{এনজাইম}}$ প্যারাকেসিন নিচের কোনটি সঠিক? [দি.বো. ২০১৯]
A. পেপসিন B. রেনিন C. ট্রিপসিন D. কাইমোট্রিপসিন **Ans B**

03. টায়ালিন নিঃসৃত হয় কোনটি থেকে? [দি.বো. ২০১৭]
A. পাকস্থলি B. লালাগ্রন্থি
C. যকৃত D. অগ্ন্যাশয় **Ans B**

Jashore Board

01. কোন এনজাইম লালাগ্রন্থিতে পাওয়া যায়? [য.বো. ২০১৯]
A. ট্রিপসিন B. পেপসিন C. অ্যামাইলেজ D. টায়ালিন **Ans D**
02. কোনটি আমিষ পরিপাককারী এনজাইম? [য.বো. ২০১৭]
A. টায়ালিন B. অ্যামাইলেজ
C. ট্রিপসিন D. মল্টেজ **Ans C**

Cumilla Board


01. শ্লেহদ্রব্য পরিপাকের সর্বশেষ উপাদান কোনটি? [কু.বো.-২০২১]
A. মল্টেজ ও গ্লুকোজ B. পেপটাইড ও অ্যামিনো এসিড
C. ফ্যাটি এসিড ও গ্লিসারল D. সুফ্রেজ ও ফ্রুক্টোজ **Ans C**

CONCEPT 03 পরিপাকে গ্রন্থির ভূমিকা

পৌষ্টিকতন্ত্রের সাথে সংশ্লিষ্ট যেসব গ্রন্থি থেকে বিভিন্ন রস নিঃসৃত হয়ে খাদ্য পরিপাকে সহায়তা করে সেগুলোকে পৌষ্টিকগ্রন্থি বা পরিপাক গ্রন্থি বলে।

ITEM 01 লালাগ্রন্থি


মানুষের মুখগহ্বরে ২ পাশে ৩ জোড়া লালাগ্রন্থি পাওয়া যায়।
ক. প্যারোটাইড: কানের নিচে থাকে, এটি সবচেয়ে বড় ও মুখবিবরে উন্মুক্ত।
খ. সাবম্যান্ডিবুলার: নিম্ন চোয়ালের কৌণিক অঞ্চলের নিচে থাকে, ফ্রেনুলাম নামক বিশেষ ত্বকে পাশে উন্মুক্ত হয়।
গ. সাবলিঙ্গুয়াল: জিহ্বার নিচে অবস্থান করে ও ফ্রেনুলামে উন্মুক্ত।
লালাসম্পর্কিত তথ্য:
লালার অধিকাংশই পানি (৯৫.৫%-৯৯.৫%)। একজন সুস্থ মানুষের ১২০০ থেকে ১৫০০ মিলিলিটার লালা ক্ষরণ করে। এর pH 6.2-7.4। লালারাসে থেকে লাইসোজাইম এনজাইম নিঃসৃত হয়। যা ব্যাকটেরিয়া ধ্বংস করে। টায়ালিন ও মল্টেজ নামক ২টি শর্করা বিশ্লেষী এনজাইম ক্ষরণ করে।



(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম)

ITEM 02 যকৃত সম্পর্কিত তথ্য

- প্রাথমিক কথা: যকৃত মানবদেহের সর্ববৃহৎ (দেহের ওজনের 3-5%) গ্রন্থি যা উদর-গহ্বরের উপরভাগে ডানদিকে ডায়াফ্রামের ঠিক নিচে ডিওডেনাম ও ডান বৃক্কের উপরদিকে পাকস্থলির ডান পাশে অবস্থিত।
- অপর নাম: জৈব রসায়নগার বা **Organic laboratory** বা জীবন সমুদ্রের কর্মমুখর পোতাশ্রয়।
 - যকৃত প্রায় ৫০০ ধরনের জৈবনিক কার্যাবলী সম্পন্ন হয় বলে বিজ্ঞানীগণ ধারণা করেছেন।
 - ৪টি খণ্ডে বিভক্ত: ডান খন্ডক, বাম খন্ডক, কোয়াড্রেট ও কডেট। ডান খন্ডকটি সবচেয়ে বড়।
 - ওজন: পুরুষ- ১.৪ থেকে ১.৮ কেজি; স্ত্রী- ১.২ থেকে ১.৪ কেজি; সদ্য ভূমিষ্ঠ শিশু- ১৫০ গ্রাম।
 - গ্লিসন'স ক্যাপসুল নামে পেরিটোনিয়াম আবরণে আবৃত।
 - ফ্যালসিফর্ম পর্দা দ্বারা বাহ্যিকভাবে দুই ভাগে বিভক্ত।
 - যকৃতের কোষগুলো (প্রতি লোবিউলে ৬০০০ কোষ থাকে) হলো:
 - হেপাটোসাইট
 - ম্যাক্রোফেজ
 - কাপ্ফার সেল।
 - যকৃতের নিম্নতলে (ডান খণ্ডাংশের নিচে) **Gall bladder** (পিত্তথলি) থাকে।
- কাজ:
- পিত্তরস তৈরি: এটি যকৃতের হেপাটোসাইট কোষ থেকে তৈরি হয়।



➤ পিত্তরসের উপাদান ও বৈশিষ্ট্য:

- পিত্তরঞ্জক (বিলিরুবিন ও বিলিভার্ডিন) : ০.২%
- চর্বি (কোলেস্টেরল, লেসিথিন) : ০.৮২%
- pH 8.0-8.6
- সারাদিন ৫০০-১০০০ মি. লি. পিত্ত নিঃসৃত হয়
- পিত্তলবণ (সোডিয়াম টোরোকলেট, সোডিয়াম গ্লাইকোকোলেট): ০.৮%
- কোলেস্টেরল: ০.৩৮%
- আপেক্ষিক গুরুত্ব: 1.0101-1.011
- পিত্তরসে কোন এনজাইম থাকে না
- অজৈব লবণ : ০.৫%
- সবুজাভ হলদে তরল

➤ যকৃতের সঞ্চয়ী ও বিপাকীয় ভূমিকার রূপরেখা:

• সঞ্চয়ী ভূমিকা:

- গ্লাইকোজেন সঞ্চয়
- রক্ত সঞ্চয় (যকৃত প্রায় ১৫০০ ঘন সে.মি পর্যন্ত রক্ত সঞ্চয় করে)
- ভিটামিন সঞ্চয় (পানিতে অদ্রবণীয় A, D, E, K; দ্রবণীয় B ও C এছাড়া সায়ানো কোবালামিন এসিড B₁₂, ফলিক এসিড B₉)
- খনিজদ্রব্য সঞ্চয়
- পিত্তরস সঞ্চয়
- লিপিড ও অ্যামিনো এসিড সঞ্চয়

• বিপাকীয় ভূমিকা:

- শর্করা বিপাক (গ্লাইকোজেনেসিস, গ্লুকোনিওজেনেসিস)
- প্রোটিন বিপাক
- ফ্যাট বিপাক
- RBC
- হিমোগ্লোবিন
- কোলেস্টেরল
- পিত্ত উৎপাদন
- হরমোন ভাঙন
- বিষ অপসারণ
- তাপ উৎপাদন


Nice To Know

সিস = তৈরির প্রক্রিয়া

গ্লাইকোজেনেসিস → গ্লাইকোজেন তৈরি

লাইসিস = ভাঙনের প্রক্রিয়া

গ্লাইকোজেনোলাইসিস → গ্লাইকোজেনের ভাঙন



চিত্র: যকৃতের সঞ্চয়ী ও বিপাকীয় ভূমিকা

(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম)

◉ ITEM 03 অগ্ন্যাশয় সম্পর্কিত তথ্য

অগ্ন্যাশয় পাকস্থলির নিচে অবস্থিত এবং উদর গহবরের ডিওডেনামের অর্ধবৃত্তাকার কুণ্ডলীর ফাঁক থেকে প্লীহা পর্যন্ত বিস্তৃত লম্বাটে আকৃতির (মরিচের মতো) গোলাপী-ধূসর বর্ণের মাংসল একটি গ্রন্থি।

➤ গঠন: i. মস্তক ii. দেহ iii. লেজ


- দৈর্ঘ্য ১২-১৫ সে.মি, প্রস্থ ৫ সে.মি
- এটি একটি মিশ্র গ্রন্থি।
- অগ্ন্যাশয়ের গ্রন্থিগুলো থেকে ছোট ছোট নালিকা বেরিয়ে উইসিং নালী গঠন করে।
- এ নালী গ্রন্থির দৈর্ঘ্য বরাবর এসে ডিওডেনামের কাছে অভিন্ন পিত্তনালীর সাথে মিলিত হয়ে ভ্যাটার অব অ্যাম্পুলার মাধ্যমে ডিওডেনামে প্রবেশ করে।
- প্রতিদিন ৬০০-৮০০ মি.লি. অগ্ন্যাশয় রস ক্ষরিত হয়।
- আইলেটস অব ল্যান্সারহ্যান্স অন্তঃক্ষরা গ্রন্থি হিসেবে কাজ করে।
- চার ধরনের কোষ রয়েছে- i. আলফা কোষ (α) → গ্লুকাগন ii. বিটা কোষ (β) → ইনসুলিন iii. ডেল্টা কোষ (δ) → সোম্যাটোস্ট্যাটিন iv. PP কোষ/ γ → প্যানক্রিয়েটিক পলিপেপটাইড

➤ অগ্ন্যাশয় রসের উপাদান:

- পানি (৯৮.৫%)
- জৈব বস্তু (০.৭%): ট্রিপসিন, অ্যামাইলেজ, লাইপেজ, মল্টেজ, সুক্রোজ, ল্যাক্টেজ, কাইমোট্রিপসিন, নিউক্লিয়েজ।
- অজৈব বস্তু (০.৮%): সোডিয়াম, পটাশিয়াম, ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম ও জিংকের বাইকার্বনেট লবণ।

➤ অগ্ন্যাশয়ের কাজ:

- এনজাইম নিঃসরণ: ট্রিপসিন, অ্যামাইলেজ, লাইপেজ।
- লবণ নিঃসরণ: বাইকার্বনেট লবণ।
- পানি সাম্যতা রক্ষা।
- হরমোন নিঃসরণ: গ্লুকাগন, ইনসুলিন, সোম্যাটোস্ট্যাটিন, পলিপেপটাইড।
- অল্প-ক্ষারের ভারসাম্য রক্ষা।
- তাপ নিয়ন্ত্রণ।



(Ref: আজমল স্যার, আলীম স্যার, মাজেদা ম্যাডাম, পারভীন ম্যাডাম, কাইয়ুম স্যার)

ITEM 04 গ্যাস্ট্রিক গ্রন্থি

পাকস্থলীর প্রাচীর পেশীবহুল এবং গ্যাস্ট্রিক গ্রন্থি (gastric gland) সমৃদ্ধ। গ্যাস্ট্রিক গ্রন্থি এক ধরনের নলাকার গ্রন্থি এবং ৪/৫ ধরনের কোষে গঠিত। প্রত্যেক ধরনের কোষের ক্ষরণ আলাদা। সম্মিলিত ভাবে গ্যাস্ট্রিক গ্রন্থির ক্ষরণকে “গ্যাস্ট্রিক জুস বা পাকরস” বলে। এর ৯৯.৪৫%ই পানি। গ্যাস্ট্রিন (gastrin) নামক হরমোন এই জুস ক্ষরণ নিয়ন্ত্রণ করে। পাকস্থলীর মিউকোসা স্তরটি শুষ্কার এপিথেলিয়ামে আবৃত যা প্রায় ৩.৫ মিলিয়ন গ্যাস্ট্রিক পিট সম্পন্ন, গ্যাস্ট্রিক পিট গ্যাস্ট্রিক গ্রন্থি ধারণ করে। দিনে ২ লিটার উৎপন্ন হয়। পাকস্থলিতে ৪ কোটি বা ৪০ মিলিয়ন গ্যাস্ট্রিকগ্রন্থি থাকে।

৫ ধরনের কোষের কাজ:

কোষের নাম	নিঃসরণ ও কাজ
প্যারাইটাল/অক্সিনটিক কোষ	HCl উৎপন্ন করে যা পাকস্থলীতে অম্লীয় পরিবেশ তৈরি করে
মিউকাস কোষ	মিউসিন নিঃসরণ করে যা পাকস্থলী প্রাচীরকে HCl এর ক্ষতিকর হাত থেকে রক্ষা করে
আর্জেন্টাফিন কোষ	গ্যাস্ট্রিক ইনট্রিনসিক ফ্যাক্টর Vit-B ₁₂ শোষণে সহায়তা করে
চীফ/জাইমোজেনিক কোষ/পেপটিক কোষ	পেপসিনোজেন নিঃসরণ করে যা HCl এর উপস্থিতিতে পেপসিনে পরিণত হয়
গ্যাস্ট্রিন কোষ বা জি কোষ	গ্যাস্ট্রিন নামক হরমোন ক্ষরণ করে যা গ্যাস্ট্রিক রস নিঃসরণ নিয়ন্ত্রণ করে

(Ref: আজমল স্যার, মাজেদ ম্যাডাম)

ITEM 05 আন্ত্রিক গ্রন্থি

অন্ত্রপ্রাচীরের মিউকোসা স্তরে কতগুলো এককোষী গ্রন্থি খাদ্য পরিপাককারী এনজাইম ক্ষরণ করে। এগুলো হচ্ছে— ব্রাশকোষ, গবলেট কোষ, প্যানেথ কোষ, আর্জেন্টাইন কোষ, লিবারক্যুন-এর গ্রন্থি এবং ব্রননার-এর গ্রন্থি। এসব গ্রন্থি থেকে নিঃসৃত রসকে আন্ত্রিক রস বা সাক্রাস ইন্টেরিকাস বলে।

- 1-2 L/day ক্ষরণ হয়
- pH-6.3-9 আপেক্ষিক গুরুত্ব 1.010
- আন্ত্রিক রসের উপাদান: i. পানি → 98.5% ii. কঠিন পদার্থ (1.5%) → (১) অজৈব: ০.৮% (Na, K, Ca লবণ) (২) জৈব: ০.৭% ক. সক্রিয়ক খ. এনজাইম গ. মিউসিন
- আন্ত্রিক রসের কাজ:
 - i. রসে বিদ্যমান মিউসিন অন্ত্রের প্রাচীরকে বিভিন্ন এনজাইমের ক্রিয়া থেকে রক্ষা করে।
 - ii. সক্রিয় এন্টারোকাইনেজ নিষ্ক্রিয় ট্রিপসিনোজেনকে ট্রিপসিনে পরিণত করে।
 - iii. রসে বিদ্যমান এনজাইম সমূহ শর্করা, আমিষ ও স্নেহ পরিপাক করে।

লালার pH
কত...??

(Ref: আজমল স্যার, আলীম স্যার)

SAQ Short Ans Question

WRITTEN SUGGESTION

BAQ Broad Ans Question

- ◆ পিত্তরসের উৎপত্তি ও কাজ লিখ।

উত্তর: যকৃত থেকে উৎপন্ন হয়ে পিত্তরস পিত্তথলিতে জমা হয় যা ক্ষুদ্রান্ত্রে লিপিড পরিপাকে সহায়তা করে।

- ◆ লালা কী?

উত্তর: লালাগ্রন্থি থেকে নিঃসৃত রসকে লালা বা লালারস বলে। একজন সুস্থ মানুষ দৈনিক ১২০০-১৫০০ মিলিলিটার অম্লীয় লালা ক্ষরণ করে।

- ◆ গ্লাইকোজেনেসিস কী?

উত্তর: যে প্রক্রিয়ায় গ্লুকোজ থেকে গ্লাইকোজেন সংশ্লেষিত হয় সে প্রক্রিয়াকে গ্লাইকোজেনেসিস বলে।

- ◆ যকৃত কিভাবে বিলিভার্ডিন তৈরি করে—

উত্তর: যকৃত RBC-এর হিমোগ্লোবিন ভেঙে বিলিরুবিন ও বিলিভার্ডিন সৃষ্টি করে।

- ◆ লালা গ্রন্থির গুলোর নাম ও অবস্থান লিখ?

উত্তর: লালা গ্রন্থির গুলোর নাম ও অবস্থান :

গ্রন্থিগুলোর নাম	অবস্থান
প্যারোটাইড গ্রন্থি	কানের নিচে
সাবম্যাক্সিলার গ্রন্থি	ম্যাক্সিল বা নিম্ন চোয়ালের কৌণিক অঞ্চলের নিচে
সাবলিঙ্গুয়াল গ্রন্থি	জিহ্বার নিচে

- ◆ পেপসিন ও ট্রিপসিনের মধ্যে পার্থক্য লিখ?

উত্তর: পেপসিন ও ট্রিপসিনের মধ্যে পার্থক্য :

পার্থক্যের বিষয়	পেপসিন	ট্রিপসিন
উৎপত্তিস্থল	পাকস্থলীর গ্যাস্ট্রিক গ্রন্থির পেপটিক কোষ বা চীফ থেকে উৎপন্ন হয়।	অগ্ন্যাশয় থেকে উৎপন্ন হয়।
নিঃসরণের স্থান	পাকস্থলীতে নিঃসৃত হয়।	ক্ষুদ্রান্ত্রে (ডিওডেনামে) নিঃসৃত হয়।
নিঃসরণের প্রকৃতি	নিষ্ক্রিয় পেপসিনোজেন হিসেবে নিঃসৃত হয়ে পাকস্থলীর HCl দ্বারা সক্রিয় পেপসিনে পরিণত হয়।	নিষ্ক্রিয় ট্রিপসিনোজেন হিসেবে নিঃসৃত হয়ে ক্ষুদ্রান্ত্রের (ডিওডেনাম) এন্টারোকাইনেজ এনজাইম দ্বারা সক্রিয় ট্রিপসিনে পরিণত হয়।
কাজের পরিবেশ	অম্লীয় পরিবেশে কাজ করে।	ক্ষারীয় পরিবেশে কাজ করে।
ক্রিয়াস্থল	পাকস্থলীতে প্রোটিনকে পলিপেপটাইডে পরিণত করে।	ক্ষুদ্রান্ত্রে প্রোটিনকে পলিপেপটাইডে পরিণত করে।

◆ ইমালসিফিকেশন কী?

[ঢা. বো. ২০১৮]

উত্তর: যে প্রক্রিয়ায় পিত্তরসে অবস্থিত পিত্ত লবণ (সোডিয়াম গ্লাইকোকোলেট ও সোডিয়াম টরোকোলেট) ল্লেহ জাতীয় খাদ্যকে ভেঙে সাবানের ফেনার মতো ক্ষুদ্র ক্ষুদ্র দানায় পরিণত করে তাকে ইমালসিফিকেশন বা অবদ্রবণ বলে।

◆ গবলেট কোষ কী?

[চ. বো. ২০১৯]

উত্তর: বৃহদন্ত্রে মিউকোসা স্তরে অবস্থিত কোষ মিউকাস ক্ষরণ করে বৃহদন্ত্রের অভ্যন্তর ভাগকে পিচ্ছিল রাখে।

◆ পিত্ত কী?

[চ. বো. ২০১৯]

উত্তর: পিত্ত হচ্ছে যকৃত কোষ থেকে ক্ষরিত চটচটে, সবুজাভ হলদে তরল পদার্থ।



REAL TEST



ANALYSIS OF PREVIOUS YEAR QUESTIONS



STEP 01 ANALYSIS OF DU QUESTION

01. গ্লিসন ক্যাপসুল পর্দা মানবদেহের যে অঙ্গে দেখা যায়- [DU.18-19]

- A. যকৃত B. অগ্ন্যাশয় C. লালাগ্রন্থি D. গ্যাষ্ট্রিক গ্রন্থি

Ans A Why গ্লিসন'স ক্যাপসুল পর্দা যকৃতকে বাহির থেকে ঢেকে রাখে। ফ্যালসিফর্ম পর্দা দ্বারা যকৃত বাহ্যিকভাবে দ্বিখণ্ডিত থাকে।

02. মানব দেহে পাকস্থলিতে কোন কোষ HCl ক্ষরণ করে? [DU.17-18,04-05; MAT. 92-93; BU.12-13; RU.13-14; CU.11-12]

- A. মিউকাস কোষ B. চীফ কোষ
C. আর্জেন্টাফাইন D. অক্সিনটিক কোষ/প্যারাটাল কোষ

Ans D Why পাকস্থলি প্রাচীরের প্যারাটাল বা অক্সিনটিক কোষ ক্ষরিত গ্যাষ্ট্রিক জুসে বিপুল পরিমাণ HCl পাকস্থলির অভ্যন্তরে শক্তিশালী এসিটিক মাধ্যম সৃষ্টি করে।

03. মানবদেহে কোন অঙ্গ গ্লাইকোজেন জমা করতে পারে? [DU.07-08]

- A. পিত্তথলী B. অগ্ন্যাশয় C. যকৃত D. হাড়

Ans C Why ক্ষুদ্রান্ত থেকে হেপাটিক পোর্টাল শিরার মাধ্যমে গ্লুকোজ যকৃতে প্রবেশ করে। রক্তের অতিরিক্ত গ্লুকোজ গ্লুকোজেনেসিস প্রক্রিয়ায় গ্লাইকোজেন-এ রূপান্তরিত হয়ে যকৃতে সঞ্চয়ী কোষে জমা থাকে।

STEP 02 ANALYSIS OF JU QUESTION

01. অগ্ন্যাশয় রসে বিদ্যমান এনজাইম কোনটি? [JU-D, Set-F. 20-21]

- A. টায়ালিন B. পেপসিন C. ট্রিপসিন D. রেনিন

Ans C Why অগ্ন্যাশয় রসে আমিষ পরিপাককারী এনজাইম: ট্রিপসিন, কাইমোট্রিপসিন, কার্বোক্সিপেপটাইডেজ, অ্যামিনোপেপটাইডেজ, ট্রাইপেপটাইডেজ, ডাইপেপটাইডেজ, কোলাজিনেজ, ইলাস্টেজ।

02. অম্লপ্রাচীরের প্যানেথ কোষ থেকে নিঃসৃত হয় কোনটি? [JU-D, Set-F. 20-21]

- A. লাইসোজাইম B. মিউকাস C. হরমোন D. পেপসিনোজেন

Ans A Why প্যানেথ কোষ অ্যান্টিমাইক্রোবিয়াল উপাদান নিঃসরণ করে। তার মধ্যে লাইসোজাইম উল্লেখযোগ্য।

03. পাকস্থলি প্রাচীরের চীফ কোষ থেকে নিঃসৃত হয় কোনটি? [JU-D, Set-D. 20-21]

- A. মিউসিন B. হাইড্রোক্লোরিক এসিড C. পেপসিনোজেন D. গ্যাষ্ট্রিন

Ans C Why ৫ ধরনের কোষের কাজ:

কোষের নাম	নিঃসরণ ও কাজ
প্যারাটাল/ অক্সিনটিক কোষ	HCl উৎপন্ন করে যা পাকস্থলীতে অম্লীয় পরিবেশ তৈরি করে
মিউকাস কোষ	মিউসিন নিঃসরণ করে যা পাকস্থলী প্রাচীরকে HCl এর ক্ষতিকর হাত থেকে রক্ষা করে
আর্জেন্টাফাইন কোষ	গ্যাষ্ট্রিক ইন্ট্রিনসিক ফ্যাক্টর Vit-B ₁₂ শোষণে সহায়তা করে
চীফ/জাইমোজেনিক কোষ/পেপটিক কোষ	পেপসিনোজেন নিঃসরণ করে যা HCl এর উপস্থিতিতে পেপসিনে পরিণত হয়
গ্যাষ্ট্রিন কোষ বা জি কোষ	গ্যাষ্ট্রিন নামক হরমোন ক্ষরণ করে যা গ্যাষ্ট্রিক রস নিঃসরণ নিয়ন্ত্রণ করে

04. মানবদেহের পৌষ্টিকগ্রন্থি নয় কোনটি?

[JU-D, Set-G. 20-21]

- A. যকৃত B. অগ্ন্যাশয় C. লালাগ্রন্থি D. থাইরয়েড গ্রন্থি

Ans D Why মানুষের পৌষ্টিকগ্রন্থি ৫টি: লালাগ্রন্থি, যকৃত, অগ্ন্যাশয়, গ্যাষ্ট্রিক গ্রন্থি, আন্ত্রিক গ্রন্থি।

05. অক্সিনটিক কোষ-ক্ষরিত গ্যাষ্ট্রিক জুসে নিচের কোনটির পরিমাণ বেশি থাকে?

[JU:D;Set-A,18-19]

- A. NH₃ B. HNO₃ C. HCl D. HOCl **Ans C**

06. মানবদেহে প্যারোটাইড গ্রন্থির অবস্থান কোথায়?

[JU:D,17-18]

- A. কানের নিচে B. জিহ্বার নিচে
C. জিহ্বার উপরে D. বৃক্কে **Ans A**

07. কোন কোষ থেকে গ্লুকাগন হরমোন নিঃসৃত হয়?

[JU:D,17-18]

- A. আলফা কোষ B. বিটা কোষ
C. গামা কোষ D. ডেলটা কোষ **Ans A**

08. কোন কোষ থেকে সোম্যাটোস্ট্যাটিন হরমোন নিঃসৃত হয়?

[JU:D,17-18]

- A. আলফা কোষ B. বিটা কোষ
C. গামা কোষ D. Delta কোষ **Ans D**

09. মানবদেহের জৈব রসায়নাগার কোনটি?

[JU:D,17-18; RU.16-17]

- A. পাকস্থলী B. কিডনী C. পিত্তথলি D. লিভার/যকৃত **Ans D**

10. মানবদেহের উদর গহ্বরে ডিওডেনামের অর্ধবৃত্তাকার কুন্ডলীর ফাঁক থেকে প্লাহা পর্যন্ত বিস্তৃত অংশের নাম কি?

[JU:D,13-14]

- A. অগ্ন্যাশয় B. যকৃত C. পিত্তথলি D. কোনটিই নয় **Ans A**

STEP 03 ANALYSIS OF RU QUESTION

01. কোনটি অগ্ন্যাশয় থেকে নিঃসৃত এনজাইম? [RU. Sinovac, Set-1. 20-21]

- A. পেপসিন B. রেনিন C. কাইমোট্রিপসিন D. জিলোটিনেজ

Ans C Why অগ্ন্যাশয়ের নিঃসৃত এনজাইম:

অগ্ন্যাশয় রস (ক্ষুদ্রান্ত)	শর্করা	অ্যামাইলেজ, মল্টেজ
